



Bangladeshi Americans for Political Action

Platform to promote Bangladeshi American political participation and representation at local, state & national level

বিশেষ প্রেস বিজ্ঞপ্তি

জর্জিয়া রান-অফ ইলেকশনের উপর আলোচনা সভা (Discussion on Georgia Run-off Election)

আপনাদের সবার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৭শে ডিসেম্বর, ২০২০, রোজ রবিবার, সন্ধ্যা ৫.৩০ ঘটিকায় (ইস্টার্ন টাইম) বাপা'র (বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন) আয়োজনে আসন্ন জর্জিয়া রান-অফ ইলেকশন নিয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে এক বিশেষ ভার্চুয়াল আলোচনা সভা (সরাসরি সম্প্রচারিত হবে জুম মিটিং-এর মাধ্যমে), লিংক নিম্নে দেয়া হলো। আমেরিকার স্থানীয়, রাষ্ট্রীয় এবং জাতীয় পর্যায়ে মূলধারার রাজনৈতিক অঙ্গনে অংশগ্রহণ ও ভূমিকা রাখার জন্য সকলকে অনুপ্রাণিত করা এবং যথাসাধ্য সার্বিক সহযোগিতা প্রদান করার লক্ষ্যেই আমাদের এই আয়োজন। এই গুরুত্বপূর্ণ সভায় বাংলাদেশী-আমেরিকান মূলধারার নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন সরাসরি আলোচনা এবং মতবিনিময় করার জন্য। যে সব নেতৃবৃন্দ এই আলোচনা সভায় উপস্থিত থাকছেন, তারা হলেন:

জর্জিয়া স্টেট সিনেটর, শেখ রহমান, রাষ্ট্রদূত ওসমান সিদ্দিকী, সাবেক পেনসিলভ্যানিয়া অডিটর জেনারেল পদপ্রার্থী, ড: নীনা আহমেদ, সাবেক কংগ্রেস পদপ্রার্থী ড: রশীদ মালিক, সাবেক কংগ্রেস পদপ্রার্থী নাবিলা আহমেদ, সাবেক কাউন্সিলম্যান পদপ্রার্থী ও কমিউনিটি একটিভিস্ট জসিম উদ্দিন, ন্যাশনাল ডিরেক্টর ফর সাউথ এশিয়ান ফর বাইডেন এবং সাউথ এশিয়ান কমিউনিটির অন্যতম নেত্রী নেহা দেওয়ান।

আলোচ্য বিষয়সমূহ:

- ১। জর্জিয়া নির্বাচনের গুরুত্ব এবং জাতীয় পলিসি সংক্রান্ত প্রভাব।
- ২। বাংলাদেশী-আমেরিকানদের ভোটপ্রদানের তাৎপর্য ও গুরুত্ব।
- ৩। স্থানীয় কাউন্সিল নির্বাচন এবং আমাদের সামাজিক ক্ষেত্রে তার ভূমিকা ও প্রভাব।
- ৪। মূলধারার রাজনীতিতে অংশগ্রহণ ও স্থানীয়/জাতীয় বিল বা প্রস্তাবনায় প্রভাব বিস্তারের গুরুত্ব।
- ৫। বাংলাদেশী-আমেরিকানদের মূলধারার রাজনীতিতে অংশগ্রহণ জোরদারকরণে এবং বিজয় নিশ্চিতকরণে বাপা'র ভূমিকা।

এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য নিম্নলিখিত লিংক ব্যবহার করে রেজিস্ট্রেশন করার জন্য সবাইকে অনুরোধ জানানো হচ্ছে।

<https://www.facebook.com/events/1263605324040735/?ti=ls>

এছাড়া বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

ইমেইল: info@BAPANow.com,

ওয়েবসাইট: <https://bapanow.com>, <https://www.facebook.com/BAPANow>

এই ভার্চুয়াল সভায় আপনাদের অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করার যাচ্ছে। আপনারা সবাই সহযোগিতার হাত বাড়িয়ে এগিয়ে আসুন এই মহতী উদ্যোগে অংশগ্রহণ করে এই প্রয়াসকে সাফল্যমন্ডিত করার জন্য। আপনাদের সহযোগিতাই হবে আমাদের চালিকা শক্তি এবং মূলধারায় আমাদের নেতৃত্বের অংশগ্রহণের প্রধান সোপান, আপনিও হউন আগামীর গৌরবান্বিত ইতিহাসের অংশীদার!

বিনীত নিবেদন,

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা)